

ছড়া দীপ মুখোপাধ্যায়

ছেঁদো ছড়া

হ্যান করেংগা ত্যান করেংগা
বকের মতন ধ্যান করেংগা
কেবল টিভি ব্যান করেংগা
মিটিংএ ঘ্যান ঘ্যান করেংগা
ভোট করেংগা জোট করেংগা
পরের পয়সা চোট করেংগা
দলবাজি আর খোঁট করেংগা
সুইস ব্যাঙ্কে নোট করেংগা
আজ করেংগা কাল করেংগা
দুই টাকা কেজি চাল করেংগা
সার্টিফিকেট জাল করেংগা
সব কিছু ইস সাল করেংগা ।

গাড়ি করেংগা বাড়ি করেংগা
অবৈধ এক নারী করেংগা
মস্তানি মারামারি করেংগা ।
তার চেয়ে বাড়াবাড়ি করেংগা
চোখ ধাঁধানো স্কিম করেংগা
আসলে ঘোড়ার ডিম করেংগা ।

বন্য মানুষ

নেতার মন্ত্রী হওয়ায় মন
ভোটে জিতবো কতক্ষণ ?
নেতা প্রতিশ্রুতি দেন
দোরগোড়াতে ভোটাররা সব
করছিল ঘ্যান ঘ্যান ।
নেতা নাচবে নাচাবে
নেতা বাঁচবে বাঁচাবে
হা-পিত্যেশ অপেক্ষাতে
দুঃস্থ মানুষজন ।
নেতা থাকেন যে পাঁচতলায়
ভোটার থাকেন যে গাছতলায়
ভোটের আগে কিন্তু তিনি
বন্ধু গলায় গলায় ।
নেতা অন্য মানুষ হন
নেতা বন্য মানুষ হন
নেতা জিতলো ইলেকশন ।
অনেক দুঃখ সয়েছেন
নেতা মন্ত্রী হয়েছেন
নেতা ঠান্ডা ঘরে থাকেন
মানুষজনের অ্যাপ্লিকেশন
আলমারিতে রাখেন ।
নেতা ভুলতে পারেন সবই
নেতার চোখ ধাঁধানো লবি
নেতার দশটা টেলিফোন
নেতার মন্ত্রী হওয়ার মন ।